আলোকিত বাংলাদেশ

তারিখ ... 17 APR 2015 ...
পৃষ্ঠা ...২০... কলাম ...৮...

# জাবিতে আদিবাসী ছাত্রীকে যৌন হয়রানি

## ছাত্রলীগের ৫ জন বহিষ্কার

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানির শিকার এক আদিবাসী ছাত্রী গতকাল বৃহস্পতিবার উপাচার্য ও প্রক্টর বরাবর লিখিত অভিযোগ করেছেন। এদিকে এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে জাবি শাখা ছাত্রলীগের ৫ নেতাকর্মীকে সংগঠন থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

জাবি ছাত্রলীগের সভাপতি মাহমুদুর রহমান জনি ও সাধারণ সম্পাদক রাজীব আহমেদ রাসেল স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে বহিষ্কার করা ৫ নেতাকর্মী হলেন– জার্নালিজম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগের (৪২তম ব্যাচ) ছাত্র শাখা ছাত্রলীগের কার্যকরী সদস্য নিশাত ইমতিয়াজ বিজয় ও সালাম বরকত হলের প্রচার সম্পাদক নাফিজ ইমতিয়াজ (রসায়ন, ৪২ ব্যাচ), ছাত্রলীগ কর্মী রাকিব হাসান, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, আবদুর রহমান ইফতি ও নুরুল, কবির নৃবিজ্ঞান

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৮

## জাবিতে আদিবাসী

[১৯ পৃষ্ঠার পর]

বিভাগ (৪৩তম ব্যাচ)। জানা গেছে, ৪৩তম ব্যাচের ওই আদিবাসী ছাত্রী নববর্ষের অনুষ্ঠান শেষে সন্ধ্যা হওয়ায় তার সহপাঠীর সঙ্গে হলে ফেরার পথে চৌরঙ্গীর মোড়ে শহীদ সালাম বরকত হলের ৫ ছাত্রলীগ নেতাকর্মীর হাতে যৌন হয়রানির শিকার হন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, 'অভিযোগ হাতে পাওয়ার সঙ্গে সঙ্গেই এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন সেলকে অনুরোধ করা হয়েছে।' যৌন নিপীড়ন সেলের প্রধান অধ্যাপক ড. রাশেদা আক্তার বলেন, এ বিষয়ে আমরা অভিযোগ পেয়েছি, শিগগিরই সিদ্ধান্ত গ্রহণ করা হবে।